অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জনগণের নিরাপত্তা বাড়ানো, শ্রমিকদের রক্ষা করা এবং ভাড়া ফাঁকি দেয়া প্রতিরোধের লক্ষ্যে নিউ ইয়র্ক সিটি সাবওয়ে ও বাস সিস্টেমে (NYC SUBWAY AND BUS SYSTEMS) এ অতিরিক্ত 500 জন ইউনিফর্মধারী কর্মকর্তা যোগ করার চুক্তির কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটি, ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (Manhattan DA), নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD), মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) এবং পরিবহণ শ্রমিকদের ইউনিয়ন (Transport Workers Union, TWU) কর্তৃক বিশদ কর্মপরিকল্পনা

চার বছরে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit, NYCT) এর কর্মীদের উপর হামলার রিপোর্ট বেড়েছে 15%

ভাড়া ফাঁকির কারণে রাজস্ব হারানোর পরিমাণ 2015 সালের 105 মিলিয়ন মার্কিন ডলার থেকে বেড়ে 2018 সালে হয়েছে 225 মিলিয়ন মার্কিন ডলার; আজ প্রকাশিত নতুন তথ্যমতে এই ধারা অব্যাহত রয়েছে যেখানে জানা যায় গত 12 মাসে রাজস্ব ক্ষতির পরিমাণ 243 মিলিয়ন মার্কিন ডলার

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি আজ নিউ ইয়র্ক সিটি ট্রানজিট সিস্টেমে অতিরিক্ত 500 ইউনিফর্মধারী কর্মকর্তা যোগ করার চুক্তির ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক সিটির মাস ট্রানজিট সিস্টেমজুড়ে নিরাপত্তার উন্নতি সাধন, ট্রানজিট কর্মীদের উপর ক্রমবর্ধমান হামলা প্রতিরোধ এবং ভাড়া ফাঁকি দেয়ার ক্রমবর্ধমান সমস্যা মোকাবেলার উদ্দেশ্যে গৃহীত বিশদ কর্ম পরিকল্পনার অংশ হিসেবে এই চুক্তিতে অংশগ্রহণ করেন নিউ ইয়র্ক সিটির মেয়র বিল ডি ব্লাজিও, নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি সাইরাস ভ্যান্স, NYPD পুলিশ কমিশনার জেমস পি. ও'নেইল এবং MTA প্রধান প্যাট ফোয়ি। 2013 ও 2017 সাল থেকে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট কর্মীদের রিপোর্ট করা হামলার পরিমাণ বেড়েছে 15.2 শতাংশ এবং ভাড়া ফাঁকি দেয়ার কারণে রাজস্ব ক্ষতির পরিমাণ 2015 সালের 105 মিলিয়ন মার্কিন ডলার থেকে বেড়ে 2018 সালে হয়েছে 225 মিলিয়ন মার্কিন ডলার। নতুন প্রকাশিত তথ্যমতে দেখা যায় যে এখন পর্যন্ত ঊর্ধ্বগতি বজায় রয়েছে যেখানে 2019 সালের মার্চ থেকে পূর্বের 12 মাস সময়ের মধ্যে মোট পরিমাণ হয়েছে 243 মিলিয়ন মার্কিন ডলার। নতুন প্রকল্পে এছাড়াও ভাড়া ফাঁকি নিবারণের জন্য বর্ধিত বহির্গমন গেট ও অতিরিক্ত তদারকি এবং সিস্টেমজুড়ে ক্যামেরাসহ অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিকল্পনার অংশ হিসেবে নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি কর্মীদের ব্যয় ও অবকাঠামোগত

পরিবর্তন এবং নির্ধারিত স্টেশন স্থানগুলোতে ভিডিও প্রযুক্তি প্রদানের খরচ বহনের উদ্দেশ্যে চার বছরে 40 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন।

"এ বছর আমরা MTA এর ঐতিহাসিক পরিবর্তন ঘটাতে সফল হয়েছি এবং উল্লেখযোগ্য পরিমাণ নতুন অনুদানের উৎস প্রদান করেছি যা সিস্টেমের উন্নয়নের জন্য ব্যয় হবে", **গভর্নর কুওমো বলেন।** "কিন্তু MTA এখনো জনগণের নিরাপত্তা, ট্রানজিট কর্মীদের উপর হামলা এবং ক্রমাগত ভাড়া ফাঁকির মতো সমস্যায় জর্জরিত - এমন সমস্যা যেগুলো বিগত বছরগুলোয় কেবল বৃদ্ধিই পেয়েছে। এই নতুন বহুমাত্রিক প্রচেষ্টা আমাদের সাবওয়ে ও বাসগুলোতে নতুন 500 জন ইউনিফর্মধারী কর্মকর্তা নিয়োগের মাধ্যমে সিস্টেমের সামগ্রিক নিরাপত্তার উন্নয়ন ঘটাবে, কর্মীদের এসব অভাবনীয় হামলা থেকে রক্ষা করবে এবং ভাড়া ফাঁকি দেয়া নিবারণ করবে। এই জরুরি সমস্যাগুলো মোকাবেলায় সহযোগিতা ও অংশগ্রহণের জন্য আমি TWU, NYPD, MTA এবং ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে ধন্যবাদ জানাতে চাই।"

"আমেরিকার সবচেয়ে নিরাপদ বড় শহর আমেরিকার সর্বাধিক নিরাপদ সাবওয়ে পাওয়ার অধিকার রাখে", **বলেছেন মেয়র বিল ডি ব্লাসিও।** "এই অংশীদারিত্বের ফলে স্টেশনগুলোতে আরো বেশি তদারকি এবং নিউ ইয়র্কবাসীদের সাহায্যের প্রয়োজনে অধিক সংখ্যক কর্মকর্তা বিদ্যমান থাকবে। সাবওয়ে সিস্টেমে আমাদের নিয়োগকৃত অতিরিক্ত কর্মকর্তাগণ ভ্রমণকারীদের সুরক্ষা প্রদান করবেন, ভাড়া ফাঁকি প্রতিরোধ করবেন এবং জরুরি অবস্থায় সাড়া দেবেন।"

নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি সাইরাস ভ্যান্স বলেন, "ভাড়া ফাঁকির জন্য নিউ ইয়র্কের দুর্বৃত্তায়ন মডেল থেকে প্রতিরোধমূলক মডেলে শিফটের ক্ষেত্রে বিনিয়োগ করতে পেরে আমাদের অফিস গর্বিত। এটি একটি আন্দোলন যা ম্যানহাটনে শুরু হয়েছিল যেখানে আমরা সাবওয়ে ভাড়া ফাঁকির ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধির পরিমাণ প্রায় 96 শতাংশ কমিয়ে আনতে আমাদের বিচক্ষণতা ব্যবহার করেছি। নকশা উন্নয়ন এবং অন্যান্য প্রতিরোধ ও নিবারণমূলক ব্যবস্থায় বিনিয়োগের ফলাফল এই হবে যে আরো অধিক পরিমাণ ভাড়া সংগৃহীত হবে সেইসাথে আরো কম সংখ্যক নিউ ইয়র্কবাসী এই নিম্ন-মানের অপরাধের জন্য জীবনের ধারা পাল্টে দেয়া ফলাফলসম্পন্ন ফৌজদারি আইনি ব্যবস্থার মুখোমুখি হতে হবে। আমি গভর্নর কুওমো, MTA, NYPD এবং TWU-কে তাদের ভিশন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই।"

"আমাদের অগ্রাধিকার হচ্ছে নিত্যদিন সাবওয়ে ব্যবহার করা প্রায় ছয় মিলিয়ন ভ্রমণকারীদের নিরাপদে রাখা এবং ট্রেন ও স্টেশনে জীবনের মান নিশ্চিত করা। 1990 সালে প্রায় 17,500 ট্রানজিট অপরাধ সংগঠিত হয় যেখানে 2018 সালে সংগঠিত হয় 2,500 ট্রানজিট অপরাধ, যা প্রায় প্রতি মিলিয়ন ভ্রমণকারীর মধ্যে একটি অপরাধ," **বলেছেন পুলিশ কমিশনার জেমস পি. ও'নেইল।** "এই অতিরিক্ত কর্মকর্তাগণ অপরাধের পরিমাণ বিদ্যমান রেকর্ডকৃত নিম্নমাত্রার চেয়ে কমিয়ে আনা অব্যাহত রাখা, সমস্যার সমাধানে আমাদের অংশীদারগণের সাথে কাজ করা এবং পরিষেবার-চুরি ঠেকানোর জন্য বর্ধিত স্বচ্ছতা প্রদানের ব্যাপারে আমাদের সাহায্য করবেন - সেইসাথে অপরাধ ও বিশৃঙ্খলা সংগঠিত হওয়া রুখতে কাজ করবেন।"

MTA এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক ফোয়ি বলেন, "আপনার সাবওয়ে বা বাসের ভাড়া পরিশোধ করা ঐচ্ছিক কোনো বিষয় নয় এবং এটি এড়িয়ে যাওয়া আমাদের সকল গ্রাহকের জন্য ক্ষতিকর। আজ আমরা MTA এর সিস্টেমের উন্নতি সাধনের জন্য প্রয়োজনীয় রিসোর্স নিশ্চিত করার উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি, সেইসাথে নিউ ইয়র্কবাসীদের যাত্রাকে অব্যাহত রাখে এমন নরনারীদের অধিক সুরক্ষা প্রদান করছি। আমরা এটি করছি নতুন কোনো স্টাফ নিয়োগ করা ছাড়াই, যাতে এটি নিশ্চিত করা যায় যে ভাড়া ফাঁকি কমিয়ে আনার মাধ্যমে প্রাপ্ত রিসোর্স সরাসরি সাবওয়ে ও বাস সার্ভিসের উন্নতি সাধনের কাজে লাগে। আমি এই ইস্যুতে নেতৃত্ব প্রদান এবং আবশ্যিকভাবে সমাধান করার যোগ্য ক্রমবর্ধমান সমস্যা হিসেবে ভাড়া ফাঁকি দেয়াকে চিহ্নিত করার জন্য গভর্নর কুওমো এবং স্টেট সংসদকে ধন্যবাদ জানাই।"

TWU এর আন্তর্জাতিক প্রেসিডেন্ট জন স্যামুয়েলসেন বলেন, "এক দশকের বেশি সময় ধরে TWU দাবি জানিয়ে আসছে যে MTA ম্যানেজমেন্ট যেন দায়িত্বশীল হয় এবং ছুরিকাঘাত, ঘুষি, লাথি ও থুথু দেয়ার মতো ভয়ানক হামলা থেকে আমাদের কর্মীদের সুরক্ষা প্রদানে কাজ করে। ট্রানজিট কর্মীদের উপর হামলা কমিয়ে আনার উপর গভর্নরের গুরুত্ব প্রদান করা একটি গুরুতর গুরুত্বপূর্ণ পদক্ষেপ যেন আমরা TWU কর্মীদের কর্মস্থলে বর্ধিত সুরক্ষা ও নিরাপত্তা পাওয়া নিশ্চিত করতে পারি। এই প্রকল্প জনসাধারণের জন্য ভ্রমণ করাকে নিরাপদ করবে, আমাদের সদস্যদের নিরাপদ রাখবে এবং সিস্টেম যেন এর প্রয়োজনীয় রিসোর্স পায় সেজন্য ভ্রমণকারীদের ভাড়া প্রদানের জন্য দায়বদ্ধ করবে।"

MTA এর ভাড়া ফাঁকি দেয়ার সমস্যা সেইসাথে MTA কর্মীদের উপর হামলার ঘটনায় বহু ভ্রমণকারীর মধ্যে উদ্বেগের জন্ম নিয়েছে যারা বিশ্বাস করেন যে সাবওয়ে ও ট্রানজিট সিস্টেমে পুলিশের উপস্থিতির অধিক প্রয়োজনীয়তা রয়েছে। 2018 সালে ট্রানজিট কর্মীদের উপর 101 টি হামলা সংগঠিত হয় যেগুলো গুরুতর অপরাধ ও মন্দ আচরণ হিসেবে চিহ্নিত করা যায়। এছাড়া এমন 26 টি ঘটনা ঘটেছে যেখানে কর্মীদের হুমকি দেয়া হয়েছে এবং ট্রানজিট কর্মীদের উপর মৌখিক আক্রমণ থেকে শুরু করে আঘাতবিহীন হাতাহাতির ঘটনা ঘটেছে 2,318 টি। একবার সম্পূর্ণ বাস্তবায়িত হয়ে গেলে, 200 জন NYPD কর্মকর্তা, 300 জন MTA পুলিশ বিভাগীয় কর্মকর্তা এবং ব্রিজ ও টানেল কর্মকর্তা এবং 70 জন নিউ ইয়র্ক সিটি ট্রানজিট ঈগল টিমের (Eagle Team) সদস্যদের নিয়ে গঠিত ফেয়ার এনফোর্সমেন্ট টাস্ক ফোর্সকে (Fare Enforcement Task Force) MTA কর্মীদের উপর সর্বাধিক মাত্রার হামলার ঘটনা ঘটেছে এমন নির্ধারিত স্থান এবং সর্বাধিক ভ্রমণকারীর হার বিশিষ্ট সাবওয়ে স্টেশন ও বাস রুটসমূহে নিয়োগ করা হবে। নিয়োগের পূর্বে অতিরিক্ত MTA কর্মীদের এই প্রচেষ্টায় সহায়তা করার স্বার্থে প্রশিক্ষণ প্রদান করা হবে।

MTA এবং নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস একটি চুক্তিবদ্ধ হয়েছে যেই চুক্তি অনুযায়ী নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস MTA ভাড়া ফাঁকি বিরোধী পদক্ষেপে সহায়তা করার উদ্দেশ্যে চার বছরে 40 মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করবে। এই তহবিল MTA পুলিশ বিভাগ (Police Department, PD), ব্রিজ ও টানেল কর্মকর্তা এবং NYPD এর সমন্বয়ে গঠিত ভাড়া ফাঁকি বিরোধী টিমের সদস্যদের প্রশিক্ষণ ও সরঞ্জামের জন্য ব্যয় হবে। ভাড়া ফাঁকি বিরোধী পদক্ষেপে কাজ করা ছাড়াও ভাড়া ফাঁকি বিরোধী টিমগুলি MTA এর কর্মীদের অতিরিক্ত শ্রমিক

নিরাপত্তা সুরক্ষা প্রদান করবে। এই তহবিল এছাড়াও স্টেশনগুলিতে উন্নত প্রযুক্তির পাশাপাশি অবকাঠামো শক্তিশালীকরণে সহায়তা করবে এবং ট্র্যাক অ্যাক্সেসের জন্য নতুন স্টেশন ডিজাইন সম্পর্কে গবেষণায় সাহায্য করবে। সাবওয়ে সিস্টেমে অ্যাক্সেস রক্ষণাবেক্ষণ যাত্রীদের নিরাপত্তা আরো বৃদ্ধিতে সাহায্য করে। ভাড়ি ফাঁকি দেওয়া বেআইনি এবং ভাড়া ফাঁকিদাতা গ্রেফতারের সম্মুখীন হতে পারে, যদিও অধিকাংশ ফাঁকি ট্রানজিট সমঝোতা ব্যুরোর (transit adjudications bureau) সমনে বা ফৌজদারি আদালতের সমনে ইস্যু করা হয়।

বিশিষ্ট আইন প্রয়োগের দুইটি প্রধান উদ্দেশ্য আছে: ভাড়া সংগ্রহ বাড়ানো এবং আইন প্রয়োগে কোনো সুনির্দিষ্ট জনসমষ্টিকে লক্ষ্য করা হয় না তা নিশ্চিত করা। টাস্ক ফোর্সের সদস্যগণ তাদের শারীরিক উপস্থিতির মাধ্যমে এবং ট্রানজিট সমঝোতা ব্যুরোর সমনে ইস্যু করার মাধ্যমে ভাড়া ফাঁকিতে বাধা দেবেন। পরিকল্পনার মূল অংশ MTA এর চালকদের শিক্ষাদানের প্রতি গুরুত্ব দেয় এবং এর অর্থ শাস্তিমূলক হওয়া বা গ্রেফতারের সংখ্যা বৃদ্ধি করা নয়।

নতুন কর্মসূচিতে আরো অন্তর্ভুক্ত আছে সাবওয়ে ভাড়া সংগ্রহ এলাকায় NYCT এর 100 ওয়েফাইন্ডার (Wayfinders) স্থাপন, নির্বাচিত প্রস্থান গেটের সংখ্যা বৃদ্ধি করা এবং পুরো সিস্টেম জুড়ে আরো বেশি মনিটর ও CCTV ক্যামেরা বৃদ্ধি করা। এছাড়াও MTA একটি নতুন, ভাড়া ফাঁকি বিরোধী যোগাযোগ অভিযানের অবতারণা করবে যেখানে বিভিন্ন স্টেশনে সংকেত থাকবে, ট্রেনে ও স্টেশনে ভয়েস মেসেজ থাকবে এবং বেতার বার্তা থাকবে। অধিকন্তু, MTA বোর্ড সম্প্রতি ভাড়া ফাঁকি দমন ও শিক্ষার্থীদের মেট্রোকার্ড (MetroCard) কর্মসূচির ন্যায্যতা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য সম্পূর্ণ-ভাড়ার মেট্রোকার্ড অনুমোদন করেছে।

এই নতুন পদক্ষেপগুলো ভাড়া ফাঁকি রোধে NYPD ও MTA এর বিদ্যমান প্রচেষ্টার সম্পূরক যার মধ্যে আছে MTA এর প্রস্থান গেট অ্যালার্ম সক্রিয়করণ পাইলট, নিউ ইয়র্ক সিটির শিক্ষা বিভাগ (Department of Education) এর শিক্ষামূলক প্রচারণা, ফৌজদারি বিচার আন্তঃএজেন্সি গ্রুপ (Criminal Justice Interagency Group), নির্বাচিত বাস সার্ভিস লাইনে ঈগল টিম মোতায়েন এবং ব্রংক্স ও স্টাটেন আইল্যান্ডের স্থানীয় বাসে ঈগল টিম পাইলট।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন